Boighar.com
পাঞ্জেরী
বইঘর নিবেদন
বেসিক আলী ১০
শাহরিয়ার
SHARIER
BOIGHAR
MVS

Boighar.com

ইউনিভার্সিটির ডিগ্রিধারী বেসিক আলী। বাবা বিশিষ্ট ব্যবসায়ী তালিব আলী কায়দা করে তাকে ব্যাংকের চাকরিতে ঢুকিয়ে দিয়েছেন। অফিস কলিগ রিয়া হকের সঙ্গে গড়ে উঠেছে চমৎকার সম্পর্ক। বেসিকের ছোটবোন মেডিকেল কলেজের ছাত্রী নেচার আর ছোট ভাই স্কুল ছাত্র ম্যাজিক প্রতিদিনই ঘটায় মজাদার সব ঘটনা। বাড়িতে পরিবারের সঙ্গে উদ্ভট কার্যকলাপ আর বাইরে রিয়ার মজাদার সঙ্গ এই নিয়ে কেটে যায় বেসিকের দিনকাল।

www.panjeree.com



বয়স
১৪+

পাঞ্জেরী পাবলিকেশন্স লি.

9 789846 341515

BOIGHAR
MVS

বেসিক আলী

শা হ রি য়া র

পাঞ্জেরী পাবলিকেশন্স লি.

BOIGHAR.COM
Please Give Us Some Credit When You Share Our Books!
Don't Remove This Page!
EXCLUSIVE
বই
SCAN
EDIT
ঘর
Visit Us at boighar.com
If You Don't Give Us Any Credits, Soon There ll Nothing Left To Be Shared!

পাঞ্জেরী পাবলিকেশন্স লি.
৪৩ শিল্পাচার্য জয়নুল আবেদিন সড়ক
(পুরাতন ১৬ শান্তিনগর), ঢাকা-১২১৭
ফোন ৯৩৩৫৮২৬, ৮৩৬০০০৭
ফ্যাক্স ৮৮-০২-৮৩১৩০০৬
ই-মেইল creativebooks@panjeree.net
ওয়েব www.panjeree.com

প্রচ্ছদ
শাহরিয়ার খান

গ্রন্থস্বত্ব
শাহরিয়ার খান

প্রথম প্রকাশ : ফেব্রুয়ারি ২০১৮

দ্বিতীয় মুদ্রণ : ফেব্রুয়ারি ২০১৮

বিদেশে পরিবেশক
অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র ও ইউরোপ : এন আর বি স্কলার্স পাবলিশার্স
১৬৯-০৮, গ্রান্ড সেন্ট্রাল পার্কওয়ে জ্যামাইকা এস্টেট
নিউইয়র্ক ১১৪৩২, ইউএসএ।

Basic Ali 10
by **Sharier**
First published in February 2018
by Panjeree Publications Ltd
43 Shilpacharya Zainul Abedin Sarak
(Old 16 Shantinagar), Dhaka 1217

Copyright
Sharier Khan

মূল্য : ২২০ টাকা। (US$ 11.00)

ISBN : 978-984-634-151-5

কমিক্স

বেসিক আলী ১০

শাহরিয়ার খান

SCAN & EDITED BY:

BOIGHAR

কৃতজ্ঞতা

MWS

WWW.BOIGHAR.COM

FACEBOOK:

https://www.facebook.com/groups/Boighar - বইঘর

WE ALWAYS ENCOURAGE BUYING
THE ORIGINAL BOOK.

এই যে ভাই ডি, আমি.. আমি.. আমি...
কী? জামা চাই?
না...
না....
জুতা চাই?
তাহলে কি শুধু ভিক্ষা চাই?
হ, হ, ভিক্কা চাই! ইদানিং সব কিছু ভুইল্লা যাই, বুজলা ভাই ডি!
পরশুদিন নেওয়াজের ব্যাটারি রিসকায় গুঁতা খায়া আমি সব কিছু ভুইল্লা গেছিলাম!
নিজের নাম ঠিকানা মনে আছে তো?
গুঁতা খায়া হেইটাও ভুইল্লা গেছিলাম, তয় নেওয়াজে মনে করায়া দিসে আমি কেডা!
আপনি কে?
হাসান মাহমুদ এরশাদ। আমি পেশাদার জুকার!

Boighar.com
বেসিক আলী



বিজ্ঞানী ব্যাটারি রিসকাওয়ালা নেওয়াজ তার রিসকায় পাখা লাগিয়ে নভেল প্রাইজ পেতে আকাশে উড়ছে!
আমরা কোথায়? মরব না তো?
আমরা এখন আম্রিকায়!
?!
নেওয়াজ তুমি ফকির মিয়ার স্মৃতি চলে যাবার পর ওকে বুঝিয়েছ যে ওর নাম এরশাদ; পেশায় জোকার। যাও, ওকে সত্য কথাটা বলো।
ইয়ে... আসলে না আপনের নাম ফকির মিয়া; পেশায় ভিক্ষুক!
?!
আ.. আমি ভিক্ষুক? এ আমারে কী কইলি! আমার স্বপ্ন ভাইঙ্গা দিলি! উরে বুকে ব্যথা .... উঃ!

Boighar.com
বেসিক আলী

ইদানিং সকালে তুমি সবাইকে ঘুম থেকে ওঠানোর জন্য অত্যন্ত বেশি অত্যাচার করো।
অত্যাচার?
তুমি সবাইকে সেই ৬টা থেকে হেঁড়ে গলায় খুঁচিয়ে খুঁচিয়ে ওঠাও!
তোমার চেঁচামেচিতে পুরো পাড়ার লোকেরা ঘুম থেকে উঠে যায়। জানো ওরা কী বলে তোমাকে নিয়ে?
কী?
তোমার জ্বালাতনে ইদানিং নাকি সূর্যও আধ ঘন্টা আগে উঠে যায়!
ম্যাজিক? আর কত ঘুমাবি? ঘুমিয়ে তো জীবন নষ্ট করে দিলি। ওঠ!
বেলা ১০টা বাজতে চলল। স্কুলে যাবি না? ওঠ!
প্লিজ বাবা থামো। এখন মাত্র ৬:৩০ বাজে। ১০টা না!
.... আর মাত্র সাড়ে তিন ঘন্টার মধ্যে ১০টা বেজে যাবে। সর্বনাশ! উঠে পড়। উঠে পড়!

Boighar.com
বেসিক আলী

সুপ্রভাত স্যার
সুপ্রভাত সোহেল। তুমি কী মৃত্যুর পর জীবনে বিশ্বাস করো?
জ্বী? অ-অবশ্যই করি। কেন এই প্রশ্ন করছেন স্যার?
তোমার দাদি-যার জানাজায় যেতে তুমি গত কাল ছুটি নিয়েছিলে- তার প্রেতাত্মা গত বিকেলে ফোন করে তোমার খোঁজ নিচ্ছিল!
বিশ্বাস করুন স্যার আমি গতকাল্ল ছুটি নিয়েছিলাম কারণ দাদি মারা গেছে। সত্যি আপনাকে যে আমার দাদি সেজে ফোন করেছিল সে একটা প্রতারক!
সে নিশ্চয় আমাকে অফিসে হেয় করতে দাদি সেজে ফোন দিয়েছিল।
কিন্তু গলাটা ঠিক একজন বৃদ্ধা মহিলার। তুমি নিশ্চয় মিথ্যা বলছ। তোমার দাদি বেঁচে আছে।
বললেই হলো? আমার দাদি দু বছর আগে মারা গেছে। আপনি কী জানেন!



Boighar.com
বেসিক আলী

না! না! এ আমি মানতে পরছি না। কেন বাংলাদেশ টিম বারবার হারছে? দ্যাখ কেমন পঁচা খেলছে!
অথচ আমি এই টিম জেতানোর জন্য কী না করেছি। দোয়া পড়েছি। মান্নত দিয়েছি। ধ্যান করেছি।
এইমাত্র বাংলাদেশ একটা ছক্কা মারল!
হা হা দ্যাখ! এই ছক্কা আমার কৃতিত্ব! অন্যরা না জানলেও তুই তো জানিস!
না! না! না! এভাবে বাংলাদেশ টিম বারবার হেরে যেতে পারে না। এই টিমের কুফা লেগেছে। কুফা ছোটাতে হবে।
কুফা কাটাতে আর কী করতে পারি- বল দেখি?
এক মিনিট!
এই যে বাবা, পাগলা জগাই, ও এক ফুঁতে সব কুফা দূর করে দিবে!

Boighar.com
বেসিক আলী

বেসিকের কুকুরটা কিন্তু বেশি ঘেউ ঘেউ করে বৌমা!
তা একটু করে বটে!
ক্যাক! ক্যাক!
ওকে এই পানিটা খাওয়াও। সব ঠিক হয়ে যাবে।
আচ্ছা।
ওর আরেকটু হাই-ডোজের পড়া-পানি দরকার!
ক্যাক! ক্যাক!
একী? আজ মুখে কী লাগিয়েছ সাদা-সাদা?
পরিজ। পরিজ ত্বকে উজ্জ্বলতা বাড়ায়, কোমল মসৃণ করে।
এই পরিজটা খেতে এখন সাবান-সাবান লাগছে!

তুমি এখানে ৫ মিনিট অপেক্ষা করো। আমি JUST একটা শাড়ি কিনে আসছি!
শাড়ি ঘর

এই সুযোগে একটু ঝিমিয়ে নেই!

বেসিক? তুমি কোথায়?

এ্যা? এই তো আমি
শাড়ি!

Boighar.com

বইঘর.কম

Boighar.com
বেসিক আলী

এই মিয়া গাড়ি পেছান! আপনি রং সাইড দিয়ে আসছেন কেন?
আমি যেখান দিয়ে খুশি যাব– আপনার কী? আপনি পেছান!

এটা কি আপনার বাপের রাস্তা যে যেদিক দিয়ে খুশি যাবেন?

হ্যাঁ। এটা আমার বাপের রাস্তা। এই দেখেন এই রাস্তার দলিল!

Boighar.com
বেসিক আলী

হ্যাঁ রে পরাগ তোর সামনে বেশ বড় বিপদ দেখছি। মনে হচ্ছে তুই পরীক্ষায় ফেল করবি। তাতে মুনা তোকে ছ্যাক দেবে।
বলিস কী?!
বিনামূল্যে হস্তরেখা দেখি, জ্যোতিষ সেনা ম্যাজিক
এ অবস্থায় বাঁচার একটাই উপায়। তোকে একটা বৃহস্পতির পাথর কিনতে হবে।
এ্যা? সেটা কোথায় পাব!
এই একটাই পাথর আছে এর দাম ৫০০০০ টাকা। কিন্তু তোর জন্য মাত্র ৫০০! আমি তো ব্যবসা করি না।
এমন দুস্প্রাপ্য পাথর দেয়ার জন্য ধন্যবাদ!
NO PROB!
আমাকে ভান্টু প্রতিদিন অপদস্থ করে। শুনেছি তোর কাছে নাকি শনির পাথর আছে যা দিয়ে গুণ্ডাদের থেকে নিজেকে রক্ষা করতে পারি?
বিনামূল্যে হস্তরেখা দেখি, জ্যোতিষ সেনা ম্যাজিক
হু। মাত্র ৫০০ টাকায় একটা শুনির পাথর দিতে পারি। ওটাকে আংটিতে বসিয়ে পরে ঘুরবি।
দে! দে! এক্ষুণি ঐ শনি পাথর দে।
এ... এটাকে আংটিতে বসিয়ে পরতে হবে?
হ্যাঁ। গুন্ডারা তোকে দেখলে পালাবে।

দুই মিনিট পর

Boighar.com
বেসিক আলী

বিনামূল্যে হস্তদর্শন আর সুলভে সৌভাগ্যের পাথর বিক্রি? ভালোই তো বাটপারি শিখেছিস!
এসব পাথর সত্যি কাজ করে!

সত্যি? তাহলে একটা ৫০০ টাকা দামের বৃহস্পতির পাথর দে!

টাকা!
পাথর!

এ কী! এতো ৫০০ টাকার ফটোকপি!
তোর পাথরও বৃহস্পতি পাথরের ফটোকপি!

তোমার হাতের রেখা অনুযায়ী তুমি মনোবিজ্ঞানে পিএইচ ডি করবে। খুব বিখ্যাত হবে।
সত্যি? আর প্রেম?

তোমার প্রেম একটা ঝাঁকড়া চুলওয়ালা পোংটা ছেলের সাথে।

উঃ! উঃ! তুমি আমার হাত পুড়িয়ে দিচ্ছ!



Boighar.com
বেসিক আলী



দ্যাখো কী এনেছি। ছোট ছোট স্টিকারে প্রত্যেকের নাম প্রিন্ট করে এনেছি।
কেন?
এই টেবিলটা আমার। এটাতে আমার নামের স্টিকার থাকবে।
এই ড্রেসিং টেবিল তোমার। এটাতে তোমার নামের স্টিকার থাকবে।
এই মুখটা তোমার। এটাতেও তোমার নামের স্টিকার থাকা উচিৎ!
?!
এবার FACE BOOK টা বন্ধ করে দয়া করে আমার নাস্তাটা দাও। এক্ষুণি অফিস যেতে হবে!
খালা এইডা কেরম কড়াই? ইডাতে কী রুডি শেকবার পারি?



Boighar.com
বেসিক আলী

সারাদিন ইন্টারনেট আর গেম! আজ আমাদের সাথে আড্ডা মারবি গাধা তৌসিফ!
আরে!
শোন তৌসিফ, আসল দুনিয়ায় আয়। তোকে চাক নরিসের মতো দূর্ধর্ষ হতে হবে। তুই জানিস চাক নরিস কেমন ছিল?
চাক নরিস যখন স্কুলে যেত, স্যাররা তখন ক্লাস ফাঁকি দিত!
হা হা হা হা হা...
LOL! LOL!
এই ব্যাটা কম্পিউটার আসক্ত তৌসিফ! আড্ডা ছেড়ে চুপি চুপি কোথায় কাট মারছিস?
আজকের এই আড্ডাটা নিয়ে জরুরীভাবে E-MAIL পাঠাতে হবে। এক্ষুণি আসছি।
এই বিকেলে কাকে তোর EMAIL পাঠাতে হবে?
তোদের!


বাঃ চমৎকার!


আজ তুমি এত কাজ শেষ করেছ? যাও তোমাকে আজ আগেই ছুটি দিলাম।
ধন্যবাদ স্যার!
IN
OUT


IN
OUT

বেসিক বলছি স্যার। সারা রাত বৃষ্টিতে আমাদের এলাকার রাস্তাঘাট তলিয়ে গেছে।

এখনো বৃষ্টি থামার নাম নেই। তাই আজ অফিসে আসছি না!
ঠক আছে বেসিক! বিশ্রী বৃষ্টি বটে!

এমন সুন্দর বৃষ্টিতে অফিসে কে যায়?

Boighar.com

কী রে ম্যাজিক খেলায় OUT হয়ে হঠাৎ পালালি কোথায়– আবার ফিরেই বা এলি কেন?

রাখ তোদের খেলা! কই শয়তানটা কই যার জন্য আমি OUT হলাম!

মর! মর শয়তান!

বললাম যে কাল আমার সাথে ইকারাসের কনসার্ট দেখতে যাবে কিনা–তুমি দেখি কোনো উত্তর দিচ্ছ না।

কী ব্যাপার– আমাকে পাত্তা দিচ্ছ না যে? বেশ আমিও এখন থেকে তোমাকে পাত্তা দেব না!

আবার! ঐ যে শয়তান মাছিটা! গতকাল খেলায় হারিয়েছে– আজ আমার গার্লফ্রেন্ড ভাগাচ্ছে!

Boighar.com
বেসিক আলী

এতক্ষণে অফিসে আগমণ? এখন বাজে বেলা ১০টা!
তোমার ৯টার মধ্যে অফিসে আসা উচিত ছিল!
কেন স্যার? ঐ সময়ে কী ঘটেছিল যেটা আমি MISS করলাম।
চলে এলাম ড. ইনাম!
আরে বসুন, বসুন তালিব ভাই।
কাল আমি রেমা-কালিন্দা যাচ্ছি– যাবেন না কি? দেখি, আপনার PULSE টা দেখি।
আপনার পালস পাচ্ছি না। আপনি মৃত!
ও : সরি– আপনার হাতটা দিন। ... তো যাবেন না কি রেমা কালিন্দা?

Boighar.com
বেসিক আলী

দাদা, এদিক দিয়ে তো কোনো রাস্তা পারাপারের উপায় দেখছি না। সামনে নিশ্চয় পার হবার জায়গা আছে!
এই তো পেয়ে গেছি দাদা। এদিক দিয়ে এসো!
উঃ এই বেসিক! আমাকে উদ্ধার কর!
হা করে তামাশা না দেখে আমাকে ওঠা... খোঁচা লাগছে!
কী খবর... এডভোকেফ আলী?
এ্যা? সালাম ভাই... দাড়ান! এহ ... এহ!
হ্যাচচো!
এফসকিউফ মি!



Boighar.com
বেসিক আলী

তোমার কাজের স্বীকৃতিস্বরূপ তোমাকে একটা ছোট একক রুমে ডেস্ক দিচ্ছি, সোহেল।

সত্যি স্যার? এত দিন ভাবতাম আপনি আমাকে সহ্য করতে পারেন না! এবার একক রুম! অনেক ধন্যবাদ স্যার!


BUSINESS TARGETS

তোমাকে দেখে বেশ বুদ্ধিমান মনে হচ্ছে। চাকুরী চাও? বল তো বাংলাদেশের বার্ষিক রপ্তানি আয় কত?

এ্যা? আমাকে প্রশ্ন করলেন?

হ্যাঁ এবং তুমি প্রমাণ করলে যে শব্দের গতির চেয়ে আলোর গতি বেশি!

কথা বলার আগ পর্যন্ত তোমাকে বেশ আলোকিত একজন মানুষ মনে হচ্ছিল!

Boighar.com
বেসিক আলী

আরে দ্যাখ— সামনে আগুন!
আগুন
এক মিনিট।
কি রে আগুন— আমাদের কি ভুলে গেছিস?
বহুদিন পর এলাম তোদের এলাকায়!
এই যে পানি!
জানতে চাস কেন আমি তোদের পাড়ায় আড্ডা মারতে আসি না? আমার নাম শুনলে তোরা আমার গায়ে পানি ঢালিস!
আরে দোস্ত আগুন— কেমন আছিস, নিভে গেছিস না কি!
তোর জন্য গিফট : পোড়া বেগুন!
এই জন্য আসি না।
আগুন জ্বালো একসাথে।

Boighar.com
বেসিক আলী



এ কী হিল্লোল! পানির মধ্যে অমন মূর্তির মতো দাঁড়িয়ে আছিস কেন?
তোর কি বেশি গরম লাগছিল?
না! হাসবি না।
আনমনা হয়ে নেমে গিয়েছিলাম তারপর এতক্ষণ মোটর সাইকেলটা চালু হচ্ছিল না।
অকর্মের রাজা হিল্লোইল্লা!
তুই তোর মাকে কম্পিউটারে ONLINE SHOPING করা শিখিয়েছিস?
হ্যাঁ!
সে আমার ক্রেডিট কার্ড চুরি করে কেনাকাটা করছিল।
এখন তোর ডিভিডির খোপ থেকে আমার কার্ডটা উদ্ধার করে দে!



বুঝলি হিল্লোল, অবশেষে আমি আমার ৫ বছরের পুরানো ছেঁড়া মানিব্যাগটা বিদায় করতে সক্ষম হলাম।



মানিব্যাগটায় একগাদা পুরানো ফোন বিল ঠেসে পকেটে নিয়ে আধঘণ্টা ফার্মগেটে হাঁটাহাটি করেছি।

সাথে দিয়েছি একটা চিরকুট : বেকুব পকেটমার! কেমন ধরাটা খেলি?



Boighar.com
বেসিক আলী

হা হা হা– বুঝলি হিল্লোল, আমি আমার ৫ বছর পুরানো মানিব্যাগটায় কাগজ ঠেসে একটা পকেটমারকে গছিয়ে দিয়েছি।
মানিব্যাগটা খুলে পকেটমারের চেহারাটা যা হলো না.... হা হা হা হা হা হা!
আশ্চর্য! মানিব্যাগটা কিভাবে যেন আমার পকেটে আবার ফেরত এসেছে!
এত কষ্টে পচথা মানিব্যাগটা ঐ পকেটমারকে গছালাম– আর ব্যাটা কিনা ওটা আমাকে ফেরত দিয়ে গেল? এ হতে পারে না!
ইয়াহু!
এই পকেটমার ব্যাটা! দাঁড়া! দাঁড়া!
বিক্রিত মাল আমি ফেরত নেই না!

Boighar.com
বেসিক আলী



আল্লায় আপনারে অনেক বরকত দিব!
ট্যাং
?
শয়তান কাউয়া! ভাগ ইয়ান তন!
এই মিয়া, পথচারীর পথ রোধ করে হর্ন বাজাচ্ছেন কেন? একদম গাড়ি ভেঙে দেব।
এটা পথচারীর পথ হলে গাড়ি চালানোর রাস্তাটা কোথায়?
গাড়ি চালানোর রাস্তা চেনেন না-আবার গাড়ি চালাচ্ছেন? মারলাম ইট!

Boighar.com
বেসিক আলী







দেয়ালে লিখবেন না
দেয়ালে
লিখবে ন
না
ঠিক আছে
লেখুম না
স্যার? ও স্যার! ১০ ট্যাকা দ্যান!
ঐড়া হইলো না। ভিক্কা চাইতে হয় দুঃখ দুঃখ ভাব লইয়া। ভিক্কা তো তামশা না যে হাসি মুখে চাইতে হইব!
আধুনিক সংজ্ঞায় হাসিমুখে ভিক্কা চাওয়া ভালো। এইডা ভদ্রতা।
ও! খুব আধুনিক হইছ—বিটলা ছ্যামড়া!

কী একটা ফোন কিনছ। সারাদিন ওটার দিকে তাকিয়ে থাক। আমার দিকে একবার তাকানোর সময় হয় না।
আমি মানুষ না হয়ে ঐ মোবাইল ফোন হয়ে জন্মালে ভালো হতো।
আইডিয়াটা খারাপ না। আমি প্রতি বছর এটা করে মডেল বদলাতে পারতাম।
সুস্থ্যভাবে বাঁচতে চাইলে দৈনিক আপনার এক ঘন্টা ব্যায়াম করা প্রয়োজন।
আমি তো প্রতিদিন ১–২ ঘন্টা করে ফুটবল খেলি। এতে চলবে না?
বলেন কী আপনি ১–২ ঘণ্টা ফুটবল খেলেন? কোথায় খেলেন, বলুন তো
এই যে, আমার মোবাইলে।

খাবার কেমন ছিল জানতে চান? জঘন্য! স্যুপটা এত গরম ছিল যে জিভটা ভাজি হয়ে গেছে।


আইসক্রিমটা এত ঠান্ডা ছিল যে আমার মগজ জমে গেছে।


সরি স্যার। এ হোটেলের কিছুই কি আপনার ভালো লাগে নি?

না। এমন কি আপনাদের পানিটাও প্রচণ্ড পানসে!

Boighar.com
বেসিক আলী

তুমি ইদানিং সারাক্ষণ বাসায় বসে ঘুটুর ঘুটুর করো। বাইরে যাও না কেন নীলা?
বাইরে গেলেই দূর্ঘটনা হতে পারে। ঘরে থাকা নিরাপদ।
গবেষণায় দেখা গেছে ৯০% দূর্ঘটনা ঘরেই ঘটে।
বাপরে! এত ঝুঁকি নিয়ে ঘরে থাকব না। আজই বাগানে বিছানা পাতব আর গ্যারেজে রান্না করব!
আমি জানি তুমি প্রকৃতি খুব ভালোবাসো। তাই বলে তোমাকে বাগানে বিছানা পাততে হবে, চাচি?
ভাবি বলল ৯০% দূর্ঘটনা বাসায় ঘটে। নিরাপত্তার জন্য তাই আমি বাগানে থাকার সিদ্ধান্ত নিলাম।
বাকী ১০% কিন্তু বজ্রপাত, মাথায় ডাব পরা, পাখির হাগু কিংবা আস্ত প্লেন। এসিড বৃষ্টি।
থাম! থাম! এক্ষুণি ঘরে ফিরছি।

Boighar.com
বেসিক আলী



শুনেছিস? সেন্টিমেন্টাল বাবু আবার তার বাবার সাথে রাগ করে বাসা থেকে বের হয়ে গেছে। খুঁজে পাচ্ছি না।
তাহলে নিশ্চিত ও ৩নং ব্রিজ থেকে লেকের পানিতে লাফ দিয়েছে। জলদি চল!
লেকের পানি সব গেল কই? সব কাদা!
এ সবের মানে কী সেন্টিমেন্টাল বাবু? দুদিন পর পর বাপের সাথে রাগ করে আত্মহত্যার চেষ্টা করিস!! তাও আবার কাদায় ঝাঁপিয়ে পরে?
তুই দুর্ধর্ষ কীবোর্ড বাজাস। কম্পিউটার জিনিয়াস। এমন একটা ছেলে কেন আত্মহত্যা করতে চাস?
হিল্লোল আমাকে নিয়ে হাসি না বন্ধ করলে আমি কিন্তু আবার কাদার লেকে লাফ দেব।

Boighar.com
বেসিক আলী

এই ওয়াক ওয়েতে দৌড়ানো নিষেধ আদেশক্রমে সমিতি কর্তৃপক্ষ
দৌড়ানো নিষেধ মানে? দৌড়ানোটা কী মদ-গাঁজা খাওয়া? তাহলে মানুষ দৌড়াবে কোথায়?
দৌড়াতে চান, অন্যত্র যান। এটা ওয়াকওয়ে। এখানে মানুষ শুধু হাঁটবে। দৌড়ালে আমাদের ডিস্টার্ব হয়।
তারমানে দৌড়াতে চাইলে আমাকে বুঝি শাহজালাল এয়ারপোর্টের রানওয়ে ব্যবহার করতে হবে, না?
হ্যা!
এই পার্কে সিগারেট খাওয়া নিষেধ। আদেশক্রমে সমিতি কর্তৃপক্ষ
"সিগারেট খাওয়া' কথাটা ভুল। এটা হবে "ধুমপান..."
না। অনেকে সিগারেট খায়!
এই পার্কে সিগারেট খাওয়া নিষেধ। আদেশক্রমে সমিতি কর্তৃপক্ষ।
চাকুম চুকুম!

Boighar.com
বেসিক আলী

হ্যালো, রিয়া, শোন...?
রিয়া আবার ক্যাডা। এই নাম্বার আমার!
রং নাম্বারে ফোন কইরা আমারে বিরক্ত করেন ক্যান?
রং নাম্বার? আরে অভদ্র লোক, আমার নাম্বার ঠিক, আপনি রং লোক, আজাইরা!
কী আমি আজাইরা? এই ব্যাটা তোরে সামনে পাইলে ছিড়া ফালামু। আমার নাম বিকাশ। চিনস আমারে?
ডাক্তার। আমি হঠাৎ করে সব কিছু ডাবল-ডাবল দেখছি।
আপনি প্রথমে বসুন।
কোন চেয়ারে বসব?

Boighar.com
বেসিক আলী

?!?
একী! আমি চোখে আঁধার দেখছি কেন?
ভাইয়া— তুমি কী আমার সানগ্লাসের কাঁচে কালো রং মেখে রেখেছ?
ইয়ায়া!
এত দিন ভূতে বিশ্বাস করিনি। আজ বারান্দায় সত্যিকারের ভুত দেখেছি!
সত্যি ম্যাজিক তুই কিন্তু বৃষ্টিকে নিয়ে বেশি বেশি মস্করা করিস!

Boighar.com
বেসিক আলী

তোমার বানানো গাজরের হালুয়া খেতে হবে? এর চেয়ে বরং চলো বাইরে গিয়ে চটপটি খাই!

কথা না বলে খেয়ে সত্যি সত্যি বলো কেমন হয়েছে!

অসম্ভব। এটা তোমার রান্না হতেই পারে না। কোনো সুন্দরী মেয়ে এমন হালুয়া বানাতে পারে না!
এটা কী প্রশংসা করলে না অপমান করলে?

আমাদের গলিতে রাতারাতি ২টা স্পিড ব্রেকার বসিয়ে দেয়া হয়েছে ঝামেলা।

এমনিতে ঢাকার রাস্তায় নেই কোনো স্পিড-তার ওপর কথায় কথায় স্পিড ব্রেকার।

তোমার গলিতে তো মাত্র দুটো। যাও, আমাদের গলিতে এবার ঢোক।

পুরো রাস্তাটাই স্পিড ব্রেকার!

Boighar.com
বেসিক আলী

উঃ!
ব্যা এ চ!
ব্যাটা বদমাশ ড্রাইভার।
নিজের দোষে ব্যথা পেয়ে আমাকে বদমাশ বলছেন?
আমি ২৫ বছর ড্রাইভিং করেছি, কোনদিন কোন দুর্ঘটনা ঘটাইনি; মামলাও খাইনি।
আর আমি ৮০ বছর ধরে হাঁটছি। কোন দুর্ঘটনা ঘটাইনি, মামলাও খাইনি। ব্যাটা মামদা ভূত!
আঃ সাঁচি পান!
?
আবলা-আবলা ব্লা-ব্লা!
উবলু উবলু লু-ল
পান মুখে তাদের যুদ্ধ হবেই!



Boighar.com
বেসিক আলী

তুমি না বললে আমাকে নিয়ে আজ সিনেমা দেখতে যাবে? এখনো ঘুমাচ্ছ কেন?
এ্যাঁ!
এমন ছুটির দিনে ঘুমের চেয়ে বড় বিনোদন আর কী হতে পারে? আজ সিনেমা বাদ।
আমি এত মাঞ্জা মেরে এসে তোমার আলসেমির কাছে হার মানব না! ওঠ।
NOW SHOWING
UPAZILA
GODZIL
CINEPLEX
ওয়েটার? আমার স্যুপের মধ্যে ওটা কী?
একটা মাছি, স্যার
স্যুপের মধ্যে ঐ মাছি কী করছে?
ওটা ব্যাকস্ট্রোক সাঁতার দিচ্ছে স্যার!



Boighar.com
বেসিক আলী

এবার বেতন না বাড়ালে আমি স্যার সত্যি সত্যি একটা নতুন কোম্পানিতে চলে যাবো। আমার অফার আছে।

নতুন কোম্পানি আমাকে এখানকার অর্ধেক বেতন সেধেছে তবে সেই সাথে বলেছে বছর শেষে কোম্পানির ৫% লাভ দিবে। এবার বলুন আপনি কী অফার করবেন?

ওরা তোমাকে সে বেতন সেধেছে তার দ্বিগুণ বেতন তোমাকে দেব। অন্য কিছু নয়। থাকবে?

ধন্যবাদ স্যার!

কী ব্যাপার? কাজে ফাঁকি দিয়ে প্লেন উড়াচ্ছ কেন সোহেল?

কারণ আমি খেয়াল করিনি যে আপনি এদিকটায় আসছেন।

Boighar.com
বেসিক আলী



হেলমেট ছাড়া মোটরসাইকেল চালানো বেআইনি। আপনার লাইসেন্স দিন মামলা করব। আইন অমান্যকারীর ছাড় নেই।
বড় বড় কথা বাদ দিন! আপনার হেলমেট কই?
আমি ইতিমধ্যে হেলমেট পরিনি বলে নিজের বিরুদ্ধে মামলা করেছি এবং লাইসেন্স রেখে দিয়েছি।
শয়তান বেসিকটা তুনা সেজে আমাকে আবার ই-মেইল করেছে; 'চলো কাল দেখা করি।'
হে : হে : আমার উত্তর : 'ঠিক আছে', বেসিক আবার লিখেছে : লেচু গার্ডেন, কাল দুপুর! ব্যাটা ফাও খেতে চায়!
আমার উত্তর : সরি! কাল আমি ব্যস্ত, আরেক দিন! হি হি হি হি!
এত মনযোগ দিয়ে কার সাথে চ্যাটিং করছিস রে?
?!



Boighar.com
বেসিক আলী

এই রিকসা, যাবে? সামনের ঐ কাঁচা বাজারে?
১০০ টিয়া।
এইটুকু যেতে ১০০ টাকা! আচ্ছা! চলেন দেখি!
কই? চালান। আমার বন্ধুরা বসে আছে।
মাপ কইরা দ্যান। শয়তানি কইরা ১০০ ট্যাকা চাইছিলাম। আসলে যামু না। আমারে মাইরেন না!
দুইডা ট্যাকা ভিক্কা দিবেন, স্যার?
?
দুইডা ট্যাকা ভিক্কা দিবেন
এসব কী হচ্ছে ফকির মিয়া?
এইডা এম-পি-থিরিতে রেকড কইরা চালাইতাছি। বারে বারে ভিক্কা চাইতে শরমও লাগে দুববলও লাগে!
দুইডা ট্যাকা ভিক্কা...
BOSCH



Boighar.com
বেসিক আলী

আমার সর্বনাশ হয়েছে বেসিক। ১০ মিনিটের জন্য দোকানে ঢুকেছিলাম।
ফিরে এসে দেখি গাড়ি হাওয়া হয়ে গেছে। হাওয়া মানে চুরি হয়ে গেছে।
আমি প্রথমেই পুলিশকে আমার গাড়ির নাম্বার আর বিবরণ দিয়ে দিয়েছি!
এবার তুই পুলিশকে বোঝা যে তোর কোনো গাড়ি নেই। আমি গাড়ি দিয়ে তোকে ড্রপ করে ফিরছিলাম....
দোস্ত, মাত্র ৮০০ টাকায় দুর্দান্ত এই জিনিসটা কিনলাম।
ব্যাটা বলল এটাতে গরম জিনিস গরম থাকে। আর ঠাণ্ডা জিনিস ঠাণ্ডা!
থার্মক্স!
পরীক্ষামূলকভাবে আমি তোদের জন্য এটাতে এক কাপ গরম চা আর এক গ্লাস ঠাণ্ডা লাচ্ছি নিয়ে এসেছি!



Boighar.com
বেসিক আলী

দোস্ত মুনা আমাকে আমার প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করে SMS দিয়েছে; তুমি একটা চোর। এখন কী উত্তর দেব?
এই অপমানের পরও আমি তাকে প্রচ্ছন্নভাবে বলতে চাই যে তাকে আমি ভালোবাসি।
আবার তাকে এই অপমানের জবাবও দিতে চাই। কী লিখব বল না, ১০০ টাকা দেব।

লিখ-আমি তো তোমার হৃদয় চুরি করেছি বলে চোর, আর তুমি যে আমার হৃদয় ডাকাতি করেছ তার বিচার কে করবে?
দোস্ত আমি লুনাকে ছ্যাক দিয়ে রিমার সাথে লাইন করতে চাই। আমাকে ন্যায্যমূল্যে একটা দুর্ধষ SMS লিখে দে।

ছ্যাক দেয়ার SMS মাত্র ২০০ টাকা। প্রেম নিবেদন ১০০ টাকা সর্বমোট ৩০০ টাকা।
১৫০ টাকায় হয় না?
হয়!
দুজনকে একই সাথে SMS লিখ : I Love you Rima

দোস্ত তুই নাকি এমন দুর্ধর্ষ SMS লিখে দিতে পারিস যাতে মেয়েরা সহজেই পটে যায়? দে না আমাকে একটা লিখে! ১০০ টাকা দেব।



তাহলে আয় আমার দোকানে!

সেক্রেটারি মামুন। জুবায়েরের ফোনে SMS লেখা শেষ হলে কামালের ফোনটা নে। কামাল ১০০ টাকা দে। লুনার জন্য কামালের SMS প্রিয় LUNATIC...



Boighar.com
বেসিক আলী

কী খবর পাগলা "ঘোড়াখেকো" শফিক। কেমন আছিস?
আমাকে দেখলেই তুই ঘুড়াখেকো বলবি না তো। আমার অনেক হিংসা হয়।
হিংসা না, বল রাগ। তোর রাগ হয়।
আমার কথার ভুল ধরার চেষ্টা করলে তোর হাত ভেঙে পায়ে ধরিয়ে দেব।
তোর পুরানো নোটবুকে কী সব হিসাব দেখছিস রে শফিক?
এখানে গত ১০ বছরে বিভিন্ন জনকে কত টাকা ধার দিয়েছি তার হিসাব আছে।
সর্বসাকুল্যে সবাইকে প্রায় ৭৫,০০০ টাকার ধার দিয়েছি। একদম দিন-তারিখ হিসেব করা।
কিন্তু কোনো ব্যাটা আমাকে এক পয়সাও ফেরত দেয়নি। এই মাত্র খেয়াল করলাম কাকে ধার দিয়েছি তার নাম কখনো লিখিনি!

Boighar.com
বেসিক আলী

স্যার আমার টিমে ঐ সবজান্তা বেসিক আলীকে দেবেন না। আমি যে কথাই বলি-বেসিক সব সময় আমাকে বুল প্রমাণ করার চেষ্টা করে। কোনো কিছুতে একমত হয় না।

বেসিক! এ কথা কি ঠিক?

স্যার আমি ওনার সাথে একমত হলে দুজনই ভুল করব!

আমরা পত্রিকায় ব্যাংকের বিজ্ঞাপন বন্ধ করে FACEBOOK এ আমাদের প্রচারণা করে অনেক লাভ করতে পারি।

কিন্তু FACEBOOK এ কীভাবে প্রচারণা হবে? এতে লাভ কী হবে?

আমাদের FACEBOOK পাতায় লাখ লাখ 'LIKE' আনা সম্ভব। কয়েকশ ডলার খরচ করলে প্রচুর মানুষ LIKE দিবে।

অবশ্য এসব LIKE দেয়া লোকেরা কেউ আমাদের কাস্টমার হবে না। তাতে কী সবাই ভাববে এত লাখ লোক আমাদের ব্যাংক যখন LIKE করে আমরা নিশ্চয় অনেক জনপ্রিয়।

Boighar.com
বেসিক আলী

বুঝলেন কল্লোল ভাই, পেশায় ডাক্তার হলেও নেশায় আমি পরিব্রাজক। প্রকৃতির ডাকে ঢাকায় থাকতে পারি না।
এই জঙ্গল নদী আর পাহাড়ে এমন যাদু আছে যা আমাকে প্রতি সপ্তাহে ঢাকার বাইরে নিয়ে আসে।
তো কল্লোল ভাই আপনি হঠাৎ কিসের আকর্ষণে জঙ্গলে এলেন?
বাজার নিয়ে ঝগড়া। বৌ বলল আমাকে সে বটি দিয়ে কাটবে। ব্যাস। আপনার সাথে চলে এলাম।
এই যে অ্যাডভোকেট আলী সাহেব, আইনজীবী হিসেবে বলুন তো, আমার বাড়ির জানালা এই বলটা দিয়ে ভাঙ্গার জরিমানা কী হতে পারে?
আমার নাতি ভেঙ্গেছে? ঐ জানালার কাঁচের মূল্য ৫০০ টাকা আপনি সবুরের থেকে আদায় করুন।
ধন্যবাদ।
আইনজীবী হিসেবে আমার লিগাল ফি মাত্র ৫,০০০ টাকা।

Boighar.com
বেসিক আলী

কী খুঁজছ?
গোপন ক্যামেরা!
গোপন ক্যামেরা?

বারবার টিভিতে ঐ ব্যাটা আমাকে বলছে 'আপনি দেখছেন দুর্দান্ত টিভি নেটওয়ার্ক'! ও কীভাবে জানে যে আমি দুর্দান্ত টিভি দেখছি?

স্লামালাইকুম চাচা। আপনি এখানে কী করছেন?

হাঁটছি বাবা। ডাক্তার বলেছে প্রতিদিন ৫ কিলোমিটার হাঁটতে। তাই শুরু করলাম।
কিন্তু আপনি বাসা থেকে ২০ কি.মি. দূরে জয়দেবপুরে এসে হাঁটছেন কেন?
৪ দিন ধরে হাঁটছি তো, ক্রমশই বাসা থেকে দূরে চলে যাচ্ছি! হু!

Boighar.com
বেসিক আলী

ধন্যবাদ!
ওরে শয়তান বিল্টু! তুই কেন নিজের চা নিজে বানিয়ে খাস না?
সুড়ুৎ!
আমাদের অফিসের নতুন কলিগ বিল্টু আমার ছোট বেলার বন্ধু। বেশ বদ ছেলে! ব্যাংকার হিসেবে খুব বেমানান!
বিল্টু ভাই, একটা পেস্ট্রি খান?
না। ধন্যবাদ।
আমি বেসিকের পেস্ট্রিটা খাব।
হবার কথা পেশাদার ছিনতাইকারী, বাপের চাপে সে ব্যাংকার।

কী রে বেসিক, চা বানাচ্ছিস?
জ্বালাবি না বিল্টু। গত তিন দিন তুই আমার সব চা ছিনিয়ে নিয়েছিস।
তাহলে আজই বা বাদ যাবে কেন?
হা হা হা হা...! কেমন লাগে পানের খয়ের মেশানো গরম পানি খেতে?
সুড়ুৎ!

Boighar.com



আরে আপনি সেই বিখ্যাত কবি না? একটা অটোগ্রাফ দিন, প্লিজ!
বিখ্যাত কিনা-তা জানি না। তবে আমি একজন কবি। এই নাও আমার অটোগ্রাফ।
আব্দুল কাদের? এ্যা? আপনি রবীন্দ্রনাথ না?
ই ই ই!
আ-আপনি COUNT DRACULA না?
হ্যাঁ, তবে শয়তান পিচ্চিরা আমায় DISCOUNT DRACULA ডাকে।
একটা অটোগ্রাফ প্লিজ!

বইঘর.কম



Boighar.com
বেসিক আলী


?!

বেয়াদ্দপ! খবিস!
ওরে বাবা!

সরি! আর করুম না!
কী হচ্ছে দাদা?

তোর দাদা হারিয়ে গেছে? সে দেখতে কেমন? একটু আগে এক বুড়ো দেখেছি।

আমার দাদা এইটুক বেঁটে। চোখে চশমা, মাথায় টাক। মুখে দাড়ি, গায়ে পাঞ্জাবি, আর পায়ে জুতা।

মিলল না। যে বুড়োটাকে দেখেছি সে এতটুকু বেঁটে। মাথায় দাড়ি। চোখে টাক। মুখে চশমা, গায়ে জুতা আর পায়ে পাঞ্জাবি।

Boighar.com
বেসিক আলী



কী রে ম্যাজিক তোর কি হয়েছে? তোকে কি কেউ মেরেছে না কি?
হু! দুটা থাপ্পড় আর এক গাদা অপমান খেয়ে এসেছি!
কী!! কোন শ্লা তোর গায়ে হাত তুলেছে। নাম বল! এক্ষুণি তার চামড়া তুলে আনছি!
তার নাম হচ্ছে বাবা!
কী ব্যাটিং করলি! বল তো হাওয়া হয়ে গেল!
?





Boighar.com
বেসিক আলী



আমি এই হিটলারি মোচ ফেলে দিতে পারি এক শর্তে আজ তুমি গরুর ভুনা আর চিংড়ি মালাইকারী রান্না করো।
তুমি একদিনে হয় গরু না হয় চিংড়ি খেতে পারো কারণ দুটোতেই কোলেস্টেরল বেশি। আজ গরু বানাচ্ছি। কাল চিংড়ি।
তাহলে মোচটাও আধা-আধা করে ফেলছি।
আহ্! কস্টার্ড, আমার প্রিয় খাদ্য!
এ কী খেলে! ওটা তো কাঁচা, ওটা দিয়ে বিস্কুট বেক করতাম!

Boighar.com
বেসিক আলী

রিমন আমার কমিক মেরে দিয়েছে বললেই হোল? এক দৌড়ে রিমনকে গিয়ে বল...
খক!
থু :.
আমার কমিক না দিলে ওকে একদম পুঁতে ফেলব! যা!
শোন রিমন : খক! খু :! ভাইয়ার কমিক না দিলে সে তোকে পুঁতে ফেলবে।
তোমাকে একটু সংবেদনশীল হতে হবে। একটা বেঁটে লোককে বেঁটে বলো। বাইট্টা বলাটা অপমানজনক।
একটা লম্বা লোককে লম্বু বললে সে দুঃখ পেতে পারে।
এবার বলো, যে লোক কানে শুনে না তাকে তুমি কী বলবে?
তাকে যা খুশি বলা যায়। সে তো শুনতে পাচ্ছে না।



Boighar.com
বেসিক আলী



বুঝলি, গত রাতে এক দুর্ধর্ষ উচ্চাঙ্গ সংগীত কনসার্টে গিয়েছিলাম।
প্রথমে ওস্তাদ বিল্লাল চৌধুরী সারেঙ্গি দিয়ে আলাপ শুরু করল। এরপর ওস্তাদ মাইর খাঁ চালাল বন্দিস!
এরপর কী হলো জানিস?
হ্যাঁ, এরপর তুই আমাকে প্রচণ্ড বিরক্ত করা শুরু করলি।
গত রাতের উচ্চাঙ্গ সংগীতের কনসার্টটা যে কোনো HEAVY METAL ROCK কনসার্টকে হার মানিয়ে দিয়েছে।
বিল্লাল চৌধুরী ইলেক্ট্রিক সেতারে রাগ বাজিয়েছে আর ওস্তাদ মাইর খাঁ একটা সেতার ভেঙ্গেছে।
বলিস কী! পাগলা রকস্টাররা যেমন গিটার ভাঙ্গে তেমন সেতার ভেঙ্গেছে? এতো বিপ্লবী!
তার চেয়েও বেশি। বিল্লালের ইলেকট্রিক সেতার শুনে ওস্তাদ মাইর খাঁ তার মাথায় একটা সেতার ভেঙ্গেছে। দর্শকরা বলেছে ONE MORE!

Boighar.com
বেসিক আলী

ডাক্তার আপু আমি না আমার ঘরের চাবিটা গিলে ফেলেছি!
কখন গিলেছেন?
জরুরী বিভাগ

তিন মাস আগে।

তিন মাস? এতদিন আসেননি কেন?

জ্বী এতদিন ডুপ্লিকেট চাবিটা দিয়ে ঘরে ঢুকছিলাম। গতকাল সেটা হারিয়ে ফেলেছি!

ডাক্তার আপু আমি প্রতিদিন ঘুমালেই স্বপ্নে দেখি একদল কুকুর ফুটবল ম্যাচ খেলছে!

একটা ঔষধ দিচ্ছি সেটা ঘুমানোর আগে খাবেন। দেখবেন আর কোনো উদ্ভট স্বপ্ন দেখছেন না।

তাহলে কাল থেকে ঔষধটা শুরু করি? আজ ওদের ফাইনাল ম্যাচ হবার কথা।
জরুরী বিভাগ

Boighar.com
বেসিক আলী

আমি একটা নতুন পণ্য আবিষ্কার করেছি। এটাকে বাজারে ছাড়তে আমি ঋণ চাই।
কী পণ্য?

তোয়ালে। আমি প্যাটেন্ট অফিসে দরখাস্ত দিয়েছি।

তোয়ালে? সে তো হাজার বছর ধরে মানুষ ব্যবহার করছে।

হে: হে:! আমার তোয়ালে একদম ওয়াটার প্রুফ। একদম পানিতে ভেজে না।

আফজাল একটা পেরেক তৈরির কারখানা বানাবে বলে একটা ব্যাংক লোন চায়। আফজালের নিজস্ব জমিতে এই কারখানা তৈরি হবে।

আফজালের ৩ কোটি টাকা ঋণ প্রয়োজন। আফজাল কখনো ঋণখেলাপি হয়নি। এখন আফজালকে কী করতে হবে?

আফজালটা কই? উনি আপনাকে পাঠিয়েছে কেন? উনি কী লাজুক?

না-না- আফজাল কেন লাজুক হবে। আমিই আফজাল।
?!



এই চিপায় দাঁড়িয়ে তুমি কোনো মেয়ের সাথে কথা বলছ?
না তো, আমি হিল্লোলকে ফোনে ধরার চেষ্টা করছিলাম।
আমি নিজে একটা মেয়ের গলা শুনতে পেলাম।
(নারী কণ্ঠ) দুঃখিত। এই মুহূর্তে মোবাইল সংযোগ দেয়া সম্ভব হচ্ছে না।'
তুমি তো শপিংএ ঢুকলে অযথা জিনিসপত্র কিনে সব টাকা শেষ করে ফেল।
অল্প বাস্কেট-অল্প শপিং সব টাকা সেভিং, কোনো অযথা নেই।
দেখলে আজ কত কম কিনলাম? চলো কাউন্টারে!
হ্যাঁ গতবারের তুলনায় কম বটে!

Boighar.com

কিরে এই সন্ধ্যায় বাইক ঠেলছিস যে? ব্যায়াম করছিস না তেল শেষ?

না। ভুলে চাবিটা ফেলে অফিসে গিয়েছিলাম। তাই এখন এটাকে ঠেলে বাসায় নিয়ে যাচ্ছি।

তাহলে তুই অফিসে গেলি কী করে?

এই ঠেলে ঠেলেই সকালে অফিস গিয়েছিলাম! চাবিটা বাসায় রেখে এসেছি!

আরে আমার ঘরে এমন মশার উৎপাত যে কদিন ধরে ঘুম হচ্ছিল না। গত রাতেও হয়নি।

তবে গত রাতে মশাদের এমন বোকা বানাতে পেরেছি যে তাতে মনে একটু শান্তি হচ্ছে।

আমি বিছানায় কোলবালিশটা কাঁথা মুড়ি দিয়ে রেখেছিলাম আর নিজে খাটের নিচে ঘুমিয়েছি। গাধাগুলো সারারাত কোলবালিশ কামড়িয়েছে। হে: হে:!



Boighar.com
বেসিক আলী







আমি ইংরেজি শিখছি। COME HERE মানে এইখানে আইস!
বা :
তাহলে কাউকে যদি তুমি বলতে চাও 'ওখানে যাও'— তার ইংরেজি কী হবে?
COME HERE
i Alms
smart alms machine
Jackfruit co
by
Steve Jobless
i Alms
i Alms
i Alms
i Alms
ফুস!
কী সব উল্টা-পাল্টা স্বপ্ন যে দেহি!

Boighar.com
বেসিক আলী

এই রফিক লোকটা বেশ টাউট। ব্যাটা দুই বছর ধরে আমার ৫ লাখ টাকা আটকে রেখেছে। আমি যাচ্ছি তাকে পটিয়ে কিছু টাকা আদায় করতে।
RAFIQ & CO
আমি যখন গরম গরম কথা বলব, তুই তখন নরম নরম কথা বলিস। এটাই কৌশল।
আপনার বাটপারীর জন্য আপনার মাথায় গজাল ঠুকে দেয়া উচিত।
মানে রাবারের গজাল, আর কী।
?
!
এহ্!
যে এই লেখাটা পড়ছে, সে একটা গাধা।
দেখি ঐ পাশে কী লেখা আছে!
যে এটা লিখেছে, সেও একটা গাধা!





Boighar.com
বেসিক আলী

আমি খুবই IMPRESSED আপনি দেখছি PAINTING নিয়ে অনেক কিছু জানেন।

আমার জানাটাই স্বাভাবিক। আমি নিয়মিত পেইন্টিং করি।

তাই নাকি? তো কী রকম পেইন্টিং করেন?

আমার পাকা চুল!

বলো তো, এই উপমহাদেশের ইতিহাসে ১৫৪২ সালে কী হয়েছিল?

১৫৪২ সালে সম্রাট আকবরের জন্ম হয়েছিল।


VERY GOOD। বলোতো ১৫৫৫ সালে কী হয়েছিল?

আকবরের বয়স ১৩ বছর হয়েছিল।

Boighar.com
বেসিক আলী

এই মিয়া আপনি আবার কোন চিড়িয়া?
ভান্টু তো কেবল চিড়িয়া আনে।

চিড়িয়া না আমি পরীক্ষায়
পাস করা আসল ক্যাডার।
শিক্ষিত মাস্তান, ছ্যাচড়া
মস্তান না!

কীভাবে মাইর
খাইতে চাস-
টিক মার্ক দে!

ক. ডাইন হাত ভাঙ্গা।
খ. বাম হাত কাটা।
গ. ঠ্যাং এ ছ্যাঁচা,
ঘ. নাকে ঘুসা।

বল তোকে কীভাবে বানান্তি দিমু?
হাত ভাংমু? পা ছেচুম? না...

সাহস থাকলে তুই
আমার মাথা বানিয়ে দে!


COME ON MAN!

কিরে তুই টিভিতে নাটক দেখিস না কি? ইদানিং দেশি চ্যানেলগুলো কেউ দ্যাখে?
আমাদের টিভিওয়ালারা বিনোদন চেনে না। সবাই মিলে একই নিউজ সব চ্যানেলে দিয়ে ভাবছে কী দুর্ধষ প্রোগ্রাম বানালাম।
যাও দু-চারটা কম বাজেটের নাটক আছে, সেগুলোতে এত বিজ্ঞাপন দেখায় যে নাটকই হারিয়ে যায়। তুই কীভাবে নাটকটা দেখছিস?
কীসের নাটক! আমি এসব নাটক-নিউজের জ্বালায় আমার প্রিয় বিজ্ঞাপনগুলো দেখতে পাচ্ছি না!
এতক্ষণ শুনলেন চিকিৎসা ব্যান্ডের গান 'প্রেম' যা এখন TOP-10 চার্টের ২ নাম্বার গান!
হা হা হা! বলে কী! টপ চার্ট?
3
যে দেশে মানুষ পয়সা দিয়ে সিডি কেনে না সেখানে গানের টপচার্ট কীভাবে তৈরি করা হয়?
এবার শুনুন চার্টের ১নং গান দয়াল বাবা এটি এই সপ্তাহে ইন্টারনেটে সবচেয়ে বেশি চোরা ডাউনলোড হয়েছে। শুনুন!
1

Boighar.com



তুমি হচ্ছ আসল কাজ পাগল লোক।
এত্ত ফাইল এখন দেখবে? চমৎকার!
অন্যরা ওর মতো কর্মঠ হলে এই অফিস ৫০% কম মানুষ দিয়ে চালাতাম!
ভোস! ভোস...
DO NOT DISTURB
তোমরা বেসিককে দেখে শেখো। লাঞ্চের পর তোমরা যখন ঝিমাও, সে তখন খুটিয়ে খুটিয়ে পেপার পড়ে!
ওর কাছ থেকে এই টেকনিকটা শিখতেই হবে!
ভোস! ভোস!









Boighar.com
বেসিক আলী

খেয়াল করে দ্যাখ- বাংলা ফিল্মের নায়করা কত অভদ্র আর ভিলেনরা কত ভদ্র!

কেমন করে?

ইবলিস চৌধুরী! তুই যদি আমার মৌসুমীর দিকে তাকাস তোর চোখ আমি তুলে নেব। তোর কলিজা গিলে খাব!

ছি ছি মান্না। এ কী বলছ। সুন্দরী মৌসুমী এখন নৃত্য পরিবেশন করে আমাদের মনোরঞ্জন করবে। এরপর তোমার ব্যবস্থা করব।

দ্যাখ নায়কটা ঈর্ষান্বিত, গালাগাল করে এবং সে স্বঘোষিত নরখাদক, আর ভিলেনটা সৌজন্যতাপূর্ণ। সংস্কৃতিমনা এবং কত আতিথেয়তাপ্রবণ। সে নাকি নায়কের ব্যবস্থা করবে।

এএই!

এএই!

এএই!

এএই!

এএই!

এএই!

এএই!



মাম্মা কয় ট্যাকা আছে
পকেটে?
কেন?
না মাইনে ১,০০০ ট্যাকার ভাংতি
খুঁজতাছিলাম, স্যার!
ভুল হয়া গেছে স্যার। আমি প্রথমে
বুঝি নাই যে আপনে ওস্তাদ মানুষ।
আরেকদিন তোকে এই এলাকায়
ছিনতাই করতে দেখলে গুলি করে খুলি
উড়িয়ে দেব। ভাগ!
এ কী ভাইয়া। তুমি আমার খেলনা পিস্তল
নিয়ে এখানে কী করছ?

Boighar.com

আচ্ছা ভাইয়া, প্রতি শীতে অতিথি পাখিরা বিদেশ থেকে হাজার মাইল পাড়ি দিয়ে কেন এ দেশে উড়ে আসে?

কারণ এত রাস্তা ওদের পক্ষে হেঁটে আসা অসম্ভব।


কুত্তা না! দারোয়ান না! শেষ পর্যন্ত মার্বেল?

নিশ্চয় হিংসুক ম্যাজিক ভাই আমার সব মার্বেল মেরে দিয়েছে।

Boighar.com
বেসিক আলী

বাড়ি গাড়ি ট্যাকা পয়সা কিছুই রইব না। নারে নারে না....
উস্তাদ বিল্লাল চৌধুরীর সঙ্গিত একাডেমি
ফকির মিয়া তুমি যদি একটু ধীর লয়ে শুদ্ধ উচ্চারণে আবেগ দিয়ে গাও-তাহলে ঠিক সুরটা বের হবে।
বাড়ি গাড়ি টাকা পয়সা কিছুই রইব শুদ্ধু ... রবে না
উস্তাদ বিল্লাল চৌধুরীর ছাত্র, গরিব।
তোমাকে না গতকাল খাওয়ালাম? আজ আবার এসেছ কেন?
প্রতিদিন একই বাসায় ভিক্ষা করাটা কি ঠিক?
খাওয়াইছেন বইলা দোয়া! সামনে নিশ্চয় আরো খাওয়াইবেন, তাই এই বইটা উপহার দিলাম।
সহজ রান্না প্রনালী

বহুদিন পর আজ রাতে তুমি আমাকে বাইরে খাওয়ালে বলে ধন্যবাদ। এই ক বছর আগেও প্রতি সপ্তাহে আমরা একবার একসাথে খেতে যেতাম।



ইদানিং তুমি এসব একদমই ভুলে যাও। তা আজ কী মনে করে আমাকে বললে চলো বাইরে যাই?

হি হি... আসলে আমি তোমার পাশে দাঁড়ানো কুকুর বু কে বলছিলাম। বাইরে যাবার কথা।



আরে এত রাগ করছ কেন? SORRY এখন থেকে প্রতি সপ্তাহে আমরা বাইরে এসে খাব। হলো তো?



আমি একটা আস্ত খাসি। আমি তোমায় ভালোবাসি। আরে হাসো! আচ্ছা কী পেলে খুশি হবে বলো তো?



এমন তো না যে মানিব্যাগটা প্রতিদিন হাতাও না।

Boighar.com
বেসিক আলী

হাউজ দ্যাট মলি? একটু পাঁপড় ভাজা দাও!
বার্গার চাই ম্যাডেস্ট!
পিৎজা চাচি
পাঁপড় বার্গার এবং ক্রিকেট উপলক্ষে আরো খাবার আসছে। মামুন কই?
এখানে
চাচি আমি VIP BOX গ্যালারিতে বসে খেলা দেখছি!
UP
Gilton
Gilton
REFRIGARATOR
চিকেন ব্রোস্ট!
আচ্ছা ম্যাডেস্ট এই ক্রিকেট দেখার সময় এত্ত এত্ত খাবার সাপ্লাই দিতে তোমার বিরক্ত লাগে না?
না
এই যে মশিয়ে তালিব, থাই চিকেন সালাদ খেতে চাইলে ২,০০০ টাকা দিতে হবে।
ক্রিকেট সিজন = বাসায় বসে ব্যবসা!







Boighar.com
বেসিক আলী

জঘন্য! ছিঃ!
কী বিশ্রী খেলছে বাংলাদেশ। এক ওভারে বাংলাদেশ মাত্র ১৮ রান করেছে। ছিঃ!
এক ওভারে ১৮? এত দুর্দান্ত খেলছে বাংলাদেশ!
দিলে তো কুফাটা লাগিয়ে! প্রশংসা করলেই ওরা হারে!
আরে গাধা ঐ ঘরে ঢুকিস না। খুনিটা ঐ ঘরে লুকিয়ে আছে। তুই মরবি!
ব্যাটা ইডিয়েট- এই রাতে কেন তুই মরতে জঙ্গলে যাচ্ছিস! পালা! পালা!
তুই এসব কাকে বলছিস? কেন তুই আমার কান ঝালাপালা করছিস! এটা হরর ফিল্ম!
ঠিকই তো কাকে বলি? ওরা যদি আমার কথা শুনত তাহলে একটাকেও মরতে হতো না। বেকুবের দল!

Boighar.com
বেসিক আলী



ক'দিন ধরে কী কুফা লেগেছে আমার... খালি কলার খোসায় আছাড় খাচ্ছি!
ঐ যে দ্যাখ! আবার! আজও আবার আমাকে কলার খোসায় আছাড় খেতে হবে!
ফ্যাৎ! ফ্যাৎ!
ফ ফ ফ
টং!
অনেক দোয়া, ভাইজান



Boighar.com
বেসিক আলী

হাঁ হাঁ হাঁ হাঁ! আজ তুঁই শেষ!

আঁমাকে চিঁনেছিস বিঁটকেলে রঁবার্ট ক্লাঁইভ? আঁমি সিঁরাজ, সিঁরাজউদ্দৌলা।
নবাব সিরাজ?

?!

বু হাঁ হাঁ... মৃঁত্যুর জঁন্য প্রস্তুত হঁ লঁর্ড ক্লাঁইভ!
আপনি কি সত্যিই সিরাজের ভূত?

প্রঁশ্ন কঁরিস কেঁন অঁর্বাচীন? অবশ্যই হুঁ হুঁ হাঁ হাঁ হাঁ হাঁ হাঁ হাঁ হাঁ হাঁ!

প্রশ্ন করি কারণ আমি ভাবতাম নবাব সিরাজ খুব গম্ভীর লোক। আপনি তো খুব হাসিখুশি। কথায় কথায় হাসেন!





Boighar.com
বেসিক আলী

দুপুর হয়ে গেছে এখনো ঘুমাচ্ছিস! বুয়াকে ঘর ঝাড়ু দিতে দিচ্ছিস না। এক্ষুণি ওঠ না হয় আমি চরম পদক্ষেপ নেব!
সিরাজউদ্দৌলার ভূতের জ্বালায় ঘুম হয়নি। যাও তো ডিস্টার্ব করো না!
তবে রে!
একী, বেসিকের টেবিলে এই খুনি কেন! আচ্ছা এটাই কী বেসিকের সিরাজউদ্দৌলার ভূত? যত্তসব আজগুবি কথা!
কী তুঁই আঁজগুবি, ঘঁষেটি বেঁগম!
আমি ঘষেটি? বেয়াদপ ভূত!

Boighar.com
বেসিক আলী

দুর্দান্ত স্বাদ হয়েছে মলি। তোমার বানানো ভাপা পিঠার তুলনা হয় না।

হ্যাঁহ! এঁটা কেঁন পিঁঠা হঁলো? আমি কোঁনো স্বাঁদই পাঁচ্ছি নাঁ।

কোন গাধা এই স্টুপিড ভুতটাকে পিঠা খাওয়াচ্ছে? মুণ্ডুটাকে ডাস্টবিনে ফেল!
খা! খা!

দোস্ত আমার মামা ফিরে এসেছে! সে তার অলৌকিক খুলিটা ফেরত চায়।

কাল আয়। ঐ খুলিটা এখন একটু ব্যস্ত আছে।
খা! খা!

বুঁ হাঁ হাঁ হাঁ পালা পালা, আমি এই বিশ্বে নরক প্রতিষ্ঠা করব, হাঁ হাঁ...
আস্তে ছোট পাগলা জগাই।



স্যার বলুন তো নোয়াখালীর লোকেরা পানিকে হানি বললে পেঁপেকে কী বলবে?
এ্যা মম...
হেঁ হেঁ ... হা হা হা হা হা
হা হা হা
স্যার ওর সাথে বেশি মিশবেন না।
কেন? কেন?
বেশি মিশলে খারাপ হয়ে যাবেন স্যার!
হা হা
শুনলাম বস তোকে ব্যাংকের সবচেয়ে দক্ষ জুনিয়র অফিসার উপাধি দিয়েছে এবং অডিট করার দায়িত্ব দিয়েছে?
তোকে বস এত প্রশংসা করল তো তুই আজ আমাদের কী খাওয়াবি? চাইনিজ? কোরিয়ান না...
কাজের ঠ্যালায় আমার নাক কান দিয়ে ধোঁয়া বের হচ্ছে আর তুই বলিস-ঐটা কী ভাপা পিঠা? ভাগ!

Boighar.com

গ্রেট নিউজ দোস্ত। আমি পদ্মা ব্রিজ নির্মাণের জন্য ১২ লাখ বাঁশ সাপ্লাইয়ের সাব কন্ট্রাক্ট পেয়েছি। ৬০ লাখ টাকা লাভ।
নিরু মাস্তান এ জন্য আমাকে কিছু এডভান্সও দিয়েছে। দোস্ত আমি বড়লোক হয়ে যাচ্ছি।
কিন্তু ১২ লাখ বাঁশ তুই পাবি কোথায়? বাঁশ না পেলে নিরু তোকে কেটে টুকরা টুকরা করে দেবে!
এত্ত সোজা? নিরু আমাকে পাবে কোথায়? আমি পুবাইলে টিংকুদের বাগান বাড়িতে পালাচ্ছি।
তোর দোস্ত হিল্লোলইল্লা আমার থেকা ট্যাকা নিছিল ১২ লাখ বাঁশ সাপ্লাই দিব বইলা।
আমি কিছু জানি না।
হিল্লোল কই না কইলে তোরেই কাঁচা খামু।
বলছি নিরুভাই বলছি।
বস আপনে ডাস্টবিন হাতান কেন?



Boighar.com
বেসিক আলী



AS USUAL তোমাকে শাড়িতে দুর্দান্ত লাগছে। এসো তোমার চুলে ফুল গুঁজে দেই!
কী সুইট তুমি!
চুলে ফুল আরো দারুণ লাগছে।
তুমি কী আমাকে ফুল গাছ বানানোর চেষ্টা করছ?
ঝড়ো ঝড়ো ঝড় বারি ঝড়িছে! তোমাকে আমার মনে পরিছে!
OH YEAH
ফুলের বনে আছে মধু আরো আছে কাঁটা, পটল তুলিতে না জানিলে ভবিষ্যৎ ঘনঘটা!
OH YEAH !
এখানে তুই বাদ্য বাজাবি! নে!
মিলিয়ে বাজ! G Major!
ভৌউউ!

Boighar.com
বেসিক আলী

ভাইয়ার বিয়ের একটা কার্ড ডিজাইন করলাম। দেখো তো কেমন?
!!
শুভ বিবাহ
মায়ের দোয়া
রিয়া-বেসিকের
লাভ ম্যারেজে
রা আমন্ত্রিত
হা হা! তালিব দেখ, ম্যাজিক কার্টুন দিয়ে বেসিকের বিয়ের কার্ড বানিয়েছে।
ম্যাজিক? আরে আমি নিজে বিয়ের কার্ড ডিজাইন করছি।
শুভ
তোর বিয়ের কার্ড কে ডিজাইন করবে তা নিয়ে যুদ্ধ চলছে। ম্যাজিক কার্টুন দিয়ে একটা কার্ড বানিয়েছে। তোর বাবা এঁকেছে তেলচিত্র।
শুভ বিবাহ
আর আমি এম্ব্রয়ডারি দিয়ে এটা ডিজাইন করেছি।
শুভ বিবাহ
আঁর আঁমারটা BEST, আঁরে বিঁবাহ কী শুঁভ হঁয় নাঁকি!
শুভ বিবাহ

এই যে বেসিক একটু শুনে যাও!

আতিক স্যার এটা হচ্ছে বেসিক আলী। আমি একটু আসছি।
আরে... বক বক!

এহম! আমার ঘর থেকে একটু বেসিককে ডেকে আনো। চিন্তা নেই এরপর আরেকজনকে পাঠাব তোমাকে উদ্ধার করতে।

তো বুঝলে আমার নাতিটা কম্পিউটার চালায়। জিনিয়াস।
জ্বি! জ্বি আমি একটু বাথরুমে যাই?

সেদিন সে একটা ৫০০ পৃষ্ঠার উড়োজাহাজ নির্মাণের নির্দেশিকা প্রিন্ট দিল।
বাথরুম! বাথরুম!

বয়স ৫ হলে কী হবে। এখনি সে পিকাসোর মতো আর্টিস্ট। সারা বাড়ির দেয়ালে সে মুরাল এঁকেছে।
জ্বি! জ্বি

Boighar.com

আমার ৫ বছরের নাতিটা রান্নাও জানে। সেদিন তার মা ডাল রাঁধছে সে গিয়ে ওতে ৩ চামচ লবণ দিয়ে দিল! কী জিনিয়াস।
জ্বি! জ্বি
আর সে যে কী দুর্ধর্ষ নাচে সেটা অক্ষয় কুমারকে হার মানায়। চাম্মাক চলো!



বইঘর.কম





Boighar.com
বেসিক আলী

মামুন! ববি, মারামারি থামাও! কী হয়েছে?
এই গাধাটা পরীক্ষায় সাদা খাতা জমা দিয়েছে!
তাতে কী হয়েছে? তুমিও তো সাদা খাতা জমা দিয়েছ। দুজনই ‘0’ পেয়েছ!
হ্যাঁ! এবং আপনি মনে করছেন যে আমি ওর খাতা নকল করেছি। সেটা সম্পূর্ণ মিথ্যা!
ভাই আপনাদের এই ফুটপাত বাজারে সবকিছুর দাম অন্য জায়গা থেকে দ্বিগুণ তিনগুণ কেন?
কী করুম অবৈধ ফুটপাত আর বিদ্যুৎ ব্যবহারের লেগা কর্তৃপক্ষরে অনেক অবৈধ ট্যাকা দিতে হয়। জিনিস বেইচা হেই টাকা উঠাই।
না ভাই অবৈধ ট্যাকা দিতে লজ্জা পাই না। ঐ ট্যাকা তো আমরা দেই না দেয় আপনের মতো কাস্টমার। আমরা মধ্যসত্বভোগী।

Boighar.com
বেসিক আলী

যে কোনো কাজে আমাদের শক্তি এবং বুদ্ধি দুটোই প্রয়োজন। আমরা শক্তি দিয়ে কলম চালাই আর বুদ্ধি দিয়ে অঙ্ক করি।
আমরা বুদ্ধি দিয়ে শক্তি ব্যবহার করি। যেমন তোর ঘুঁষিতে যতই শক্তি থাকুক ঘুঁষি দিয়ে কোনো মশা মারতে পারবি না।
সত্যি? ঘুঁষি দিয়ে মশা মারা যায় না?
তবের! এই নে! এই নে!
এতক্ষণ স্বাধীনতার ইতিহাস নিয়ে যা বললাম তার ভিত্তিতে রচনা লেখ কেন পাকিস্তান ভেঙে বাংলাদেশ সৃষ্টি অবধারিত ছিল?
লেখাটা যেন বেশ জোরালো হয়!
একী!
মটাস্!
বেশি জোর দিয়ে লিখলে পেন্সিল ভেঙে যাচ্ছে। একটু কম জোরাল লিখি?

Boighar.com
বেসিক আলী

বাড়ি গাড়ি ট্যাকা পয়সা কিছুই রইব না-নারে নারে না, কিছুই রইব না।
বলো মমিনগণ, আমার আল্লাহ-নবীজীর নাম।
বলো মুমিনগণ....
কী দারোয়ান বাই চোখের ছানি অপারেশন করার পর কেমন লাগছে?
খুব ভালো চক্ষে বার বার ঔষধ দিতাছি সেইটা বিরক্ত লাগে। তয় নিজেরে মনে হয় নতুন মানুষ।
এতদিন ছিলাম অশিক্ষিত। কিন্তু ডাক্তার কইছে এই অপারেশনের পর আমি না কি পড়তে পারুম। তাই এখন পড়বার চেষ্টা করতাছি।...



Boighar.com
বেসিক আলী

হ্যা রে ম্যাজিক আজ কিন্তু তোদের আজিমপুর বয়েজদের হারাতেই হবে। তোদের ভক্ত হিসেবে আমি ৫০০ টাকা বাজিও ধরেছি।
আমাকে এ বাজিতে জিততেই হবে।
আজিমপুর খুব ভালো খেলে তো!
তোদের আরো ভালো খেলতে হবে, ৫০০ টাকা লস করাবি না!
আজিমপুরী দোস্ত, আজ আমরা একটু পাতানো খেলি? তোদের সবাইকে মোগলাই খাওয়াব!
?
ছক্কা
ইয়াহু ম্যাজিকের টিম জিতেছে! আমি ৫০০ টাকা বাজি জিতেছি।
আমরা জিতেছি কিন্তু তুই বেজার কেন?
না জিতলে ইমরান আমার হাড্ডি ভাংত!
আর হাড্ডি বাঁচাতে ১,০০০ টাকা দিয়ে প্রতিপক্ষকে ম্যানেজ করেছি। খুশির কী আছে? ইমরানের মতো ভক্ত থাকা একটা অভিশাপ।





Boighar.com
বেসিক আলী

অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে ব্যাংকিং ব্যবস্থাপনার উন্নয়ন সমন্বয় না ঘটালে মানি মার্কেটে কলমানি রেট অনিয়ন্ত্রিত।
ইয়ে... ফিস ফিস!
এ্যা? তাই নাকি, কেউ তো খেয়াল করছে না!
দুঃখিত, দেলোয়ার সাহেব আসলে পাশের ঘরে ব্যাংকিং সেমিনারে বক্তব্য দিতে এসে এখানে ভুল করে চলে এসেছিল। সবার....
একবারে শেষ করে যেতাম।
ঐ যে দেলোয়ার ভাই, গত সন্ধ্যায় এক হোটেলে অর্থনীতি নিয়ে সেমিনারে বক্তব্য দিতে গিয়ে মার খেয়েছেন।
বল কী!
হ্যাঁ, শ্রোতারা ওনার বক্তব্য শুনে বলে নামেন উনি নামেন না আয়োজকরা বলেন নামেন— উনি পাত্তাই দেন না!
শেষে উনি মার খেয়ে পালিয়েছে।
আসলে ওটা সেমিনার ছিল না। আয়োজকরা প্রথমে ভেবেছে উনি স্পন্সরের বক্তব্য দিচ্ছেন। পরে স্বয়ং আইউব কাচ্চু তার কনসার্ট ভণ্ডুল করার অভিযোগে পিটিয়েছে।

Boighar.com
বেসিক আলী

তোমার কেটারিং ব্যবসা কেমন চলছে নিলা?
ভালো না। আমি সব অর্ডারই ফেল করছি।
যদিও আমি ভালো রান্না জানি না— অর্ডার পেয়ে যেসব রান্না করছি সে সবই দুর্দান্ত হচ্ছে।
তারপর আমরাই সেসব রান্না খেয়ে ফেলছি।
তাহলে তোমার ব্যবসা বন্ধ?

না। এখন সবুর বাসার খাবারের অর্ডার দেয় আমি সাপ্লাই দেই। সেই ব্যবসা হচ্ছে। সবুর বলে প্রতিদিনের রান্নার চেয়ে অর্ডারের রান্না নাকি ভালো হয়।

সেই ৪০-৫০ বছর আগে একটা সিরিজ বই বের হতো : দস্যু বনহুর, সে কিন্তু উদ্ভট দস্যু ছিল। তার ছিল দুটো বৌ।

আর সবচেয়ে হাস্যকর ছিল যে সে দস্যুবৃত্তি করার আগে নামাজ পরে নিত, যাতে তার কাজ সফল হয়।
একটা খারাপ কাজের আগে নামাজ পড়লে আল্লাহ সেটা গ্রহণ করবে কেন?

সেটা আল্লাহ জানে। তবে এই আইডিয়াটা এ দেশে ঘুষখোর এবং চোর বাটপারদের মধ্যে প্রচণ্ড জনপ্রিয়।

Boighar.com
বেসিক আলী

তোরা এই অফিসের সবচেয়ে পুরানো স্টাফ— কিন্তু তোমরা তিনজনই সবচেয়ে খারাপ কর্মী।
তোমাদের বকে কোনো লাভ হয়নি। তাই ঠিক করেছি তোমাদের তিনজনকেই উচ্চ পদে বসাব।
ধন্যবাদ বস!
ধন্যবাদ?! আপনাকে মমী বানিয়ে রাখা উচিত!
আশা করি উচ্চপদস্থ কর্মচারী হিসেবে ভালো কাজ করবে!
কিরে বেসিক, খেতে বসে ঝিমাচ্ছিস কেন?
ইদানিং অফিসে প্রতিদিন ৩টা মিটিং-এ যেতে হচ্ছে।
আহারে বেচারা, যা খেয়ে তাড়াতাড়ি গুমিয়ে ক্লান্তি দূর কর!
ব্যাপারটা তা না। সারাদিন মিটিং-এ ঘুমিয়ে থাকায় রাতে বাসায় এসে আর ঘুম হয় না। কেবল ঝিমানি।

Boighar.com
বেসিক আলী

হা হা মলি, দেখে যাও আমার নয়া মাস্টার পিস মলি লিসা।

এটা কী আমার ছবি এঁকেছ? আমি তো টিপ দেই না।

নো প্রবলেম মলি লিসা!

কী হলো তুমি বাবার সাথে রাগ করছ কেন?
কারণ সে জোর করে আমার কপালে তেল রঙ দিয়ে টিপ দিয়েছে।

এবং সে এই টিপটা আমাকে মুছতে দিচ্ছে না!

হ্যাঁ, কারণ ঐ টিপটা আমার আর্ট তুমি হচ্ছ আমার আর্ট। তুমি হচ্ছ আমার আর্ট গ্যালারি। এসো টিপের নিচে স্বাক্ষরটা দিয়ে দেই।

Boighar.com
বেসিক আলী

কী দাদা-দাদু না কী তোমার দুর্ব্যবহারে রাগ করে তোমাকে ছেড়ে আলাদা ঘরে চলে গেছে?

এখন না কী তুমি দাদুকে অনুনয় বিনয় করে ফিরে আসতে বলছ?

আসলে তুমি একটা খুব সুইট খিটখিটে বুড়ো। দাদুকে তুমি অনেক ভালোবাসো।

মোটেও তা না। আমি ভূতের ভয়ে একা ঘুমাতে পারি না!

দ্যাখো তো বৌমা! তোমার শাশুড়ি আমার সাথে রাগ করে আলাদা ঘরে ঘুমাচ্ছে। তাকে ফিরিয়ে আনো!

না বৌমা! তার আচরণ অসহ্য! একটু আগে সে অনেক ভালো ভালো কথা বলে আমাকে রাজি করে ফেলেছিল।

বলল, ভূতের ভয়ে সে একা না কি ঘুমাতে পারে না। বেশ। আমি তার ঘরে ফিরে যাচ্ছিলাম।

তখন সে বলল আমার গায়ে এত পচা গন্ধ যে সব ভূত পালিয়ে যায়। এরপর কীভাবে তার কাছে ফিরে যাই?

Boighar.com
বেসিক আলী



এই যে হ্যান্ডসাম, আজ তো তোমার গার্লফ্রেন্ড ছুটিতে। আজ নিশ্চয় আমাকে খাওয়াতে অসুবিধা নেই?
আমার সাথে লাঞ্চ করবে? SURE রেবেকা, চলো!
কলা আর বন রুটি?
হ্যাঁ, এরপর ঐ কোণায় গিয়ে বুট খাব!
আমার বিশ্বাস হচ্ছে না যে আমার মতো সুন্দরী একটা মেয়েকে লাঞ্চে ডেকে এনে তুমি কলা বনরুটি সাধছ।
তোমার মতো নিম্নমানের হাড় কিপটা বজ্জাত ছেলের ভেতর রিয়া কী দেখেছে?
আসলে বজ্জাত ছেলেদের প্রতি সুন্দরী ভালো মেয়েরা কেন যেন আকর্ষিত হয়।
খয়ের দিয়ে পান খাবে?

Boighar.com
বেসিক আলী

দ্যাখ, তুই আমার ২০০ ডলারের চোখা জুতো নিয়ে টিটকারি করবি না। এটা খুবই স্টাইলিশ!
পিছিয়ে দাঁড়া। একটা গাড়ি আসছে।
আমার জুতার ডগা! আমার জুতার ডগা!
ফুলমতি হাসানকে বলো সোফার ওপর থেকে কাপড়গুলো লন্ড্রিতে নিয়ে যেতে।
প্যান্ট, শার্ট, গেঞ্জি, শাড়ি এগুলো যেন হিসেব করে রাখে হাসান।
উরি বাপ! এইত্তো অনেক ভারী।
এ কী হাসান আমায় কোথায় নিয়ে চললে?

Boighar.com
বেসিক আলী

বেলু ভাই, আমাদের ফুটবল টুর্নামেন্টের জন্য কিছু চাঁদা দাও!
চান্দা! আমি!
তোমরা বড়লোক। তোমাগো চান্দা দেওনের ক্ষেমতা কী আমার আছে?
আরে ব্যাটা পোলাপানের চান্দাবাজির শখ হইসে, কিছু দিয়া দে, নইলে দোকান ভাঙবো, অরা ছাত্র না?
আরে ধুর! আমরা চাচ্ছি তোমাদের দিয়ে আমাদের টিমকে স্পন্সর করাতে। তাতে তোমাদের প্রচার বাড়বে।
?
?
?
এক সেকেন্ড! এক সেকেন্ড! তোমার জার্সিতে কী লেখা?
'HAVE TEA AT BELUS'? মানে?
?
মানে বেলু ভাইয়ের চায়ের দোকান এই জার্সি স্পন্সর করেছে!
8
HAVE TEA AT BELU'S

Boighar.com
বেসিক আলী